

আটাৰ/সাকুলার/২০২৪/৬১৪

২ অক্টোবর, ২০২৪ ইং

সকল সম্মানিত সদস্য, আটাৰ।

বিষয়: অবৈধ ট্রাভেল এজেন্সির বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে অবহিতকরণ।

মন্ত্রণালয়ের পত্রের সূত্রঃ স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০২৫.০০৩.২৪-৬৩৩

প্রিয় সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আটাৰ সভাপতি জনাব আবদুস সালাম আরেফ এর নেতৃত্বে বর্তমান কমিটি নিবন্ধনবিহীন অবৈধ ট্রাভেল এজেন্সির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সাথে একাধিকবার বৈঠক করেন এবং অবৈধ ট্রাভেল এজেন্সির তালিকাসহ পত্র দেয়া হয়। তারই পরিপ্রেক্ষিতে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০২১ অনুযায়ী অনির্দিষ্ট ট্রাভেল এজেন্সির বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার নির্দেশনা প্রদান করেছে।

এমতাবস্থায়, আটাৰ সদস্যদের কাছে আরও অবৈধ ট্রাভেল এজেন্সির তালিকা থাকলে অতিসত্বর আটাৰ অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

*Afin Karat*

আফসিয়া জান্নাত সালেহ

মহাসচিব

সংযুক্তি : মন্ত্রণালয়ের পত্র।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
পর্যটন-৩ শাখা  
[www.mocat.gov.bd](http://www.mocat.gov.bd)

স্মারক নম্বর-৩০.০০.০০০০.০২৫.০৩.০০৩.২৪- ৬৬৬

তারিখঃ ১৫ আশ্বিন, ১৪৩১  
৩০ সেপ্টেম্বর, ২০২৪

বিষয়ঃ অনিবার্জিত ট্রাভেল-এজেন্সির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ (আটাব) এর বিগত ০৯.০৭.২০২৪ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী লাইসেন্সবিহীন অবৈধ ট্রাভেল এজেন্সির সংখ্যা অনেক। দেশের বড়-বড় শহরের আনাচে-কানাচে, বড় বড় ভবনে, শপিং কমপ্লেক্সে, মোবাইলের দোকান, কম্পিউটার কম্পোজের দোকান, ট্রেডিং অফিসসহ বিভিন্ন নামের দোকান/অফিসে অসাধু নামসর্বস্ব প্রতিষ্ঠান ট্রাভেল এজেন্সির লাইসেন্স ব্যাতিরেকে ব্যবসা পরিচালনা করছে। এর ফলে একদিকে বৈধ ট্রাভেল এজেন্সির সাথে তারা প্রতিযোগিতায় লিপ্ত হচ্ছে, অন্যদিকে যাত্রী সাধারণ তথা ভ্রমণ পিপাসু লোকদের সাথে প্রতারণা ও বিভিন্ন প্যাকেজ, টিকেট ও সেবার নামে টাকা আত্মসাৎ করে লাপাত্তা হয়ে যাচ্ছে। দেশব্যাপী অনেক লাইসেন্সবিহীন ট্রাভেল এজেন্সী বিভিন্নভাবে ব্যবসা বাণিজ্য পরিচালনা করছে কিন্তু তারা সরকারকে কোন প্রকার রাজস্ব পরিশোধ করছে না।

০২। বিভিন্ন উৎস হতে প্রাপ্ত লাইসেন্সবিহীন এরকম ট্রাভেল এজেন্সির তালিকা এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ (আটাব) হতে প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। লাইসেন্সবিহীন এ সকল এজেন্সির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) (সংশোধন) আইন, ২০২১ আইনটি মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলভুক্ত হওয়ায় এ আইনের আওতায় তালিকায় বর্ণিত অনিবার্জিত ট্রাভেল এজেন্সির বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

স্বাঃ-

মির্জা মুরাদ হাসান বেগ  
উপসচিব

ফোন: ০২-৫৫১০০৮৩৯

ইমেইল: tourism3@mocat.gov.bd

জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট  
জেলা প্রশাসকের কার্যালয়

ঢাকা/ফরিদপুর/মুম্বই/সিঙ্গাইল/কুমিল্লা/কক্সবাজার/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/চাঁদপুর

স্মারক নম্বর-৩০.০০.০০০০.০২৫.০৩.০০৩.২৪- ৬৬৬/২৪)

তারিখঃ ১৫ আশ্বিন, ১৪৩১  
৩০ সেপ্টেম্বর, ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (পর্যটন) ও আপীল কর্তৃপক্ষ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ২। যুগ্মসচিব (পর্যটন) ও নিবন্ধন কর্তৃপক্ষ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ৪। সভাপতি, আটাব, সান্তারা সেন্টার (১৬ তলা), ৩০/এ, নয়াপল্টন, ঢাকা-১০০০।

মির্জা মুরাদ হাসান বেগ  
উপসচিব